গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
প্রশাসন শাখা
www.rthd.gov.bd

ডায়রী নং ১৮৭৬৩ প্রধান প্রকৌশলী
তারিখ ২১/১০/১৮
প্রধান প্রকৌশলীর (সওজ) দপ্তর
সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।

নং-৩৫.০০.০০০০.০০৮.১৮.০০৩.১৩-১২৭১

তারিখঃ ০৩ কার্তিক ১৪২৫
১৮ অক্টোবর ২০১৮

বিষয় : হাওর এলাকায় উন্নয়ন প্রকল্প অনুমোদন ও বাস্তবায়নে প্রকল্পের টেকনিক্যাল/স্টিয়ারিং/ডিপিইসিতে বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তরের প্রতিনিধি অন্তর্ভুক্তকরণ প্রসঙ্গে।

সূত্র : পানি সম্পদ মন্ত্রণালয়ের স্মারক নং-৪২.০০.০০০০.০৩৭.০১৪.০২১.২০১৬-১৬৮, তারিখঃ ১৪-০৮-২০১৮।

উপর্যুক্ত বিষয়ে সূত্রস্থ স্মারকে পানি সম্পদ মন্ত্রণালয় হতে প্রাপ্ত পত্রের ছায়ালিপি এতদসঙ্গে প্রেরণপূর্বক মাননীয় প্রধানমন্ত্রীর অনুশাসন প্রেক্ষিতে হাওর ও জলাভূমি এলাকায় প্রকল্প গ্রহণকালে টেকনিক্যাল/স্টিয়ারিং/ডিপিইসি'তে বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তরের প্রতিনিধি অন্তর্ভূক্ত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

সংযুক্তিঃ বর্ণনামতে।

এম এস ডব্লিউ স্মারক নং ২৬৭১
তারিখ ২৫/১০/১৮
ত:প্র:,সওজ, প্রশা: ও সং:/সংস্থাপন
নি: আইন কর্মকর্তা/...
পরি:নি: ও হি:/ সি: সি: ...।

অ:প্র:প্র: এম এস ডব্লিউ

(মোহাঃ লিয়াকত আলী খান)
সহকারী সচিব
ফোনঃ ৯৫৮৪১২৮
ই-মেইল: asadmin@rthd.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। অতিরিক্ত সচিব (উন্নয়ন), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
০২। প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা (তাঁর অধীনস্থ সংশ্লিষ্ট কর্মকর্তাগণ'কে অবহিতকরণের অনুরোধসহ)।
০৩। যুগ্মপ্রধান, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।

অনুলিপিঃ

০১। অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।

নং ৮৬৪ তাং ২৬/১০/১৮
নি:প্র: প্রঃওসং/তদন্ত/এস্টেট এন্ড অফিসার
ব্যবস্থা নিন/আলাপ করুন।

তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সওজ
প্রশাসন ও সংস্থাপন, তেজগাঁও, ঢাকা।

২৬/১০/১৮

F:\Doc\Letter\forwarding 2014.doc

স্মারক নং-১প্রশা:৬৪/২০০৫(৫ম খন্ড)-১৮৮১(৬০) তারিখঃ ০১/১১/১৫

অনুলিপি জ্ঞাতার্থে ও তাঁর নিয়ন্ত্রণাধীন সকল দপ্তরে অবহিত করণসহ কার্যকরী ব্যবস্থা গ্রহণের নিমিত্তে সংলগ্নীসহ আদিষ্ট হয়ে প্রেরণ করা হলো ঃ

১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সওজ), ঢাকা জোন/ময়মনসিংহ জোন/কুমিল্লা জোন/রাজশাহী জোন/বরিশাল জোন/খুলনা জোন/চট্টগ্রাম জোন/রংপুর জোন/সিলেট জোন/গোপালগঞ্জ জোন।

২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সওজ), ..............................

৩। সিনিয়র সিস্টেম এনালিষ্ট (সওজ), ম্যানেজমেন্ট ইনফরমেশন সেল, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।
(সওজ ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা করার জন্য প্রেরণ করা হলো)।

৪। নির্বাহী প্রকৌশলী (সওজ), ..............................

সংযুক্তিঃ বর্ণনামতে।

(মোঃ মনিরুজ্জামান)
পরিচিতি নং-০০০৪২২
তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সওজ
প্রশাসন ও সংস্থাপন
সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
ফোনঃ ০২-৮৮৭৯৩১৫।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর
পানি সম্পদ মন্ত্রণালয়
৭২ গ্রীন রোড,ঢাকা ১২১৫
ফ্যাক্স:৯১৪৪১৯৫, ওয়েব:www.dbhwd.gov.bd

স্মারক নং ৪২.০৪.০০০০.০০১.০৬.৩৫৮.১৫-

তারিখঃ ১৬/০৫/২০১৬ খ্রিঃ

বিষয়ঃ মাননীয় প্রধানমন্ত্রীর সভাপতিত্বে প্রধানমন্ত্রীর কার্যালয়ে অনুষ্ঠিত বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তরের উপদেষ্টা পরিষদের ১ম সভার কার্যবিবরণী।

বিগত ৫ মে ২০১৬ তারিখ বৃহস্পতিবার সকাল ১১ ঘটিকায় প্রধানমন্ত্রীর কার্যালয়ে বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর এর উপদেষ্টা পরিষদের ১ম সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন উপদেষ্টা পরিষদের চেয়ারপারসন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা। উপদেষ্টা পরিষদের সভায় মাননীয় সদস্যগণ, আমন্ত্রিত বিভিন্ন মন্ত্রণালয়ের সচিবগণ এবং সভার কাজে সহযোগিতার জন্য প্রধানমন্ত্রীর কার্যালয় ও পানি সম্পদ মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। উপস্থিত উপদেষ্টা পরিষদের মাননীয় সদস্যগণ এবং সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দের তালিকা পরিশিষ্ট-ক-এ রক্ষিত আছে।

২. সভার শুরুতে বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তরের চেয়াপারসন মাননীয় প্রধানমন্ত্রী উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানান। হাওর বাওর বাংলাদেশের প্রাণ এ কথা স্মরণ করিয়ে দিয়ে তিনি এগুলোকে কার্যকরভাবে সুরক্ষা ও পরিকল্পনা মাফিক উন্নয়ন প্রকল্প গ্রহণের মাধ্যমে মৎস্য, অন্যান্য জলজ প্রাণী ও অর্থকরী ফসল সমূহের উৎপাদন ও আহরণ প্রক্রিয়া আধুনিকায়নের মাধ্যমে হাওর এলাকার গরীব মানুষের ভাগ্য উন্নয়নের প্রচেষ্টা গ্রহণের আহবান জানান। চেয়ারপারসন এর সদয় অনুমতিক্রমে উপদেষ্টা পরিষদের সদস্য-সচিব ও সিনিয়র সচিব, ড. জাফর আহমেদ খান সভার কার্যক্রম শুরু করেন। সভায় নিম্নবর্ণিত আলোচ্যসূচী পাওয়ার পয়েন্টের মাধ্যমে উপস্থাপন করা হয়ঃ

১। বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তরের (তৎকালীন বোর্ডের) ৩য় বোর্ড সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ ও সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা ।

২। বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন বোর্ডকে অধিদপ্তরে রূপান্তরের বিষয়টি উপদেষ্টা পরিষদকে অবহিতকরণ ।

৩। বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর কর্তৃক সমাপ্ত, চলমান ও ভবিষ্যৎ উন্নয়ন প্রকল্প পর্যালোচনা ।

৪। হাওর উন্নয়ন মহাপরিকল্পনা বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা।

৫। বিবিধ

(ক) বিলুপ্ত বোর্ডে কর্মরত কর্মচারীদের নবসৃষ্ট বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তরে আত্মীকরণ প্রসঙ্গ

(খ) অধিদপ্তরের জনবল কাঠামো সংক্রান্ত আলোচনা

(গ) অধিদপ্তর গঠন সংক্রান্ত গেজেটে বর্ণিত ম্যান্ডেট অনুযায়ী কার্যক্রম গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে সহযোগিতা প্রদানে নির্দেশনা

(ঘ) বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তরের উপদেষ্টা পরিষদে সহায়ক কর্মকর্তাদের সদস্য হিসেবে কো-অপ্ট/ অন্তর্ভুক্তকরণ

৩. আলোচ্যসূচীঃ ১ বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তরের (তৎকালীন বোর্ডের) ৩য় বোর্ড সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ ও সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা ।

৩.১ উপদেষ্টা পরিষদের সদস্য-সচিব ও পানি সম্পদ মন্ত্রণালয়ের সিনিয়র সচিব সভাকে অবহিত করেন যে, তদানিন্তন বোর্ডের ৩য় সভা বিগত ৩ মে ২০১২ তারিখে অনুষ্ঠিত হয় এবং মাননীয় প্রধানমন্ত্রীর স্বাক্ষরিত কার্যবিবরণী যথারীতি সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরণ করা হয়। তিনি কার্যবিবরণীটি সভায় উপস্থাপন করে কোনরূপ সংশোধনী না থাকলে উহা অনুমোদনের প্রস্তাব করেন।

৩.২ সিদ্ধান্তঃ উপদেষ্টা পরিষদের সভায় গত ৩ মে ২০১২ তারিখে অনুষ্ঠিত তৎকালীন বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন বোর্ডের ৩য় বোর্ড সভার কার্যবিবরণী অনুমোদন করা হয়।

৩.৩ তদানিন্তন বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন বোর্ডের ২য় সভার সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি সভায় উপস্থাপন ও পর্যালোচনা করা হয়। ৩য় বোর্ড সভার সিদ্ধান্ত অনুযায়ী ১ম সভার সিদ্ধান্ত বাস্তবায়নের একটি প্রতিবেদন সভায় পেশ করা হয়। অগ্রগতি প্রতিবেদন পর্যালোচনায় সভায় সন্তোষ প্রকাশ করা হয়।

৪. আলোচ্যসূচীঃ ২ বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন বোর্ডকে অধিদপ্তরে রূপান্তরের বিষয়টি উপদেষ্টা পরিষদকে অবহিতকরণ

৪.১ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার বিশেষ উদ্যোগে বিগত ১৭ নভেম্বর ২০১৪ তারিখে অনুষ্ঠিত মন্ত্রিসভা বৈঠকের ৮.২ নং সিদ্ধান্তে বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন বোর্ডকে পানি সম্পদ মন্ত্রণালয়ের আওতায় একটি সংযুক্ত অধিদপ্তর ঘোষণার নির্দেশনা প্রদান করা হয়। এ আলোকে বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন বোর্ড গঠন সংক্রান্ত ১১ সেপ্টেম্বর ২০০০ তারিখে পাসম-উঃ৫/বিবিধ-১৯/২০০০/৩৮৩ নং স্মারক মূলে জারিকৃত রিজিলিউশন বাতিলক্রমে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৯ নভেম্বর ২০১৫ তারিখের ০৫.১৫৭.০২৮.০৩.০২.০১১.২০১০-২১৪ নং স্মারক ও অর্থবিভাগের ৫ জানুয়ারি ২০১৬ তারিখের ০৭.১৫৩.০২৯.০৬.০০.০১.২০১৫-০৩ নং স্মারকের সম্মতিক্রমে পানি সম্পদ মন্ত্রণালয় গত ১৩.০১.২০১৬ খ্রিঃ তারিখে ৪২.০৩১.০২২.০০.০০.০২৫.২০১৫-২৭ নং প্রজ্ঞাপনের মাধ্যমে বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর প্রতিষ্ঠার প্রজ্ঞাপন জারি করে। প্রজ্ঞাপনটি ০৭ ফেব্রুয়ারি ২০১৬ তারিখে গেজেট আকারে প্রকাশিত হয়।

৪.২ বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন বোর্ডকে পানি সম্পদ মন্ত্রণালয়ের আওতায় একটি সংযুক্ত অধিদপ্তর ঘোষণার নির্দেশনা প্রদান করায় উপদেষ্টা পরিষদের সভায় মাননীয় প্রধানমন্ত্রী ও মন্ত্রিপরিষদের সকল সদস্যবর্গকে ও সংশ্লিষ্ট সকল কর্মকর্তাকে ধন্যবাদ ও আন্তরিক কৃতজ্ঞতা জ্ঞাপন করা হয়।

৫. আলোচ্য সূচীঃ ৩ বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর কর্তৃক সমাপ্ত, চলমান ও ভবিষ্যৎ উন্নয়ন প্রকল্প পর্যালোচনা।

৫.১ সভায় পানি সম্পদ মন্ত্রণালয়ের সিনিয়র সচিব জানান যে, বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন বোর্ডের অধীনে ২০০৭-২০১৪ মেয়াদে ৮১.৪৩ কোটি টাকা ব্যয়ে তিনটি উন্নয়ন প্রকল্প সফলভাবে বাস্তবায়িত হয়েছে বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তরে বর্তমানে ২০১৫-২০১৮ মেয়াদে ৭৬.০৭ কোটি ব্যয়ে ৫টি প্রকল্প চলমান আছে এছাড়াও প্রায় ৮ হাজার কোটি টাকা দশটি উন্নয়ন প্রকল্প অনুমোদনের জন্য অপেক্ষমান আছে। তিনি প্রকল্প সমূহের সংক্ষিপ্ত বিবরণ সভায় উপস্থাপন করেন। ঢাকার মিরপুরস্থ দিগুন মৌজার একটি পতিত জলাশয় উন্নয়নকল্পে NORINCO, CHINA এর সাথে বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তরের সম্পাদিত Non-binding MoU এর আলোকে বৈদেশিক অর্থ সাহায্য সংগ্রহের বিষয়ে তিনি দিক-নির্দেশনা কামনা করেন।এ সময় গোপালগঞ্জ জেলায় উন্নয়নকৃত চান্দার বিলের একটি প্রামাণ্য চিত্র সভায় উপস্থাপন করা হয়।

৫.২ সিদ্ধান্ত ঃ ঢাকার মিরপুরস্থ দিগুন মৌজার পতিত জলাশয় উন্নয়নকল্পে NORINCO, CHINA এর সাথে বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তরের সম্পাদিত Non-binding MoU এর আলোকে বৈদেশিক অর্থ সাহায্য সংগ্রহের বিষয়ে পররাষ্ট্র মন্ত্রণালয়, পরিকল্পনা বিভাগ ও ইআরডি প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে।

৬. আলোচ্যসূচি ঃ ৪ হাওর উন্নয়ন মহাপরিকল্পনা বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা

৬.১ মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক গত ১৩ মে ২০১২ তারিখে নীতিগতভাবে হাওর মহাপরিকল্পনা অনুমোদিত হয়। অনুমোদিত মহাপরিকল্পনার তিনটি ভলিয়মের ১ সেট এ সময় মাননীয় পানি সম্পদ মন্ত্রী ও মাননীয় পানি সম্পদ প্রতিমন্ত্রী মাননীয় প্রধানমন্ত্রীর কাছে হস্তান্তর করেন। সদস্য সচিব জানান যে, হাওর মহাপরিকল্পনায় ১৭টি উন্নয়ন সেক্টরে ৩৮টি সংস্থার মাধ্যমে ২০১২-২০৩২ সনে মোট ২০ বছর মেয়াদে ২৮ হাজার কোটি ব্যয়ে ১৫৪টি প্রকল্প বাস্তবায়িত হবে। ইতোমধ্যে ৯টি সেক্টরে ২৬টি প্রকল্প গ্রহণ করা হয়েছে, যার ২টির কাজ ১০০% সমাপ্ত হয়েছে ১৩টি প্রকল্প বাস্তবায়নের কাজ বিভিন্ন পর্যায়ে রয়েছে। ১১টি প্রকল্পের ডিপিপি প্রণয়ন ও সম্ভাব্যতা যাচাইয়ের কাজ চলছে। এসডিজি (SDG) লক্ষ্য অর্জনে হাওর এলাকায় অগ্রাধিকার ভিত্তিতে মহাপরিকল্পনাভূক্ত প্রকল্প সমূহ গ্রহণ ও বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/সংস্থাকে নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ জানান। এ সময় মূখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয় উন্নয়ন প্রকল্প গ্রহণে ডেল্টাপ্ল্যান /২০১১ অনুসরণ করার জন্য অনুরোধ জানান। সিনিয়র সচিব অর্থ মন্ত্রণালয় একই প্রকল্পের দ্বৈততা পরিহার করার পরামর্শ দেন। প্রধানমন্ত্রীর কার্যালয়ের মহাপরিচালক জনাব কবীর বিন আনোয়ার উন্নয়ন প্রকল্প গ্রহণে দেশের অন্যান্য জলাভূমি বিশেষ করে চলনবিলকে বিবেচনার অনুরোধ করেন।

৬.২ সিদ্ধান্তঃ হাওর মহাপরিকল্পনাভুক্ত ১৫৪টির মধ্যে অবশিষ্ট ১২৮টি বাস্তবায়নযোগ্য প্রকল্প গ্রহণ ও বাস্তবায়নের জন্য প্রকল্প সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/সংস্থাকে নির্দেশনা প্রদান করা হয়। বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর বিষয়টি নিবিড়ভাবে মনিটরিং করবে।

৭. আলোচ্যসূচীঃ ৫ঃ বিবিধঃ (ক) ও (খ) অধিদপ্তরের জনবল কাঠামো সংক্রান্ত আলোচনা

৭.১ সভায় সদস্য-সচিব জানান যে, নবসৃষ্ট বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর তৎকালীন বোর্ডের ৫৫ জন জনবল কাঠামোর অর্গানোগ্রাম অনুমোদনের অপেক্ষাধীন আছে। এ জনবল দিয়ে প্রধান কার্যালয় সহ সুনামগঞ্জ ও কিশোরগঞ্জ দুটি আঞ্চলিক অফিস পরিচালিত হচ্ছে। তিনি অধিদপ্তরের কার্যক্রম অধিকতর গতিশীল করার জন্য আরও দুটি হাওর আঞ্চলিক অফিস (নেত্রকোনা, হবিগঞ্জ) ও চারটি জলাভূমি আঞ্চলিক অফিস (পাবনা, রংপুর, ফরিদপুর, কুমিল্লা) স্থাপনের সদয় অনুমোদন দানের প্রস্তাব করেন। প্রস্তাবিত নতুন ৬ টি অফিসসহ প্রধান কার্যালয়ের জন্য আরও ২৫৬ টি পদ সৃজনপূর্বক ৩০১ টি পদের জনবল কাঠামো অনুমোদনের প্রস্তাব করেন। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় মাননীয় প্রধানমন্ত্রীর অনুমতিক্রমে জানান যে, ১৭ নভেম্বর ২০১৪ সনে হাওর ও জলাভূমি উন্নয়ন বোর্ডকে মন্ত্রীসভা বৈঠকে সিদ্ধান্ত অনুযায়ী ১১ সেপ্টেম্বর ২০০০ তারিখের পাসম- উন্নয়ন ৫/ বিবিধ–১৯/২০০০/৩৮৩ নং স্মারকমূলে জারিকৃত রেজুলেশন অনুযায়ী গঠিত বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন বোর্ডকে রূপান্তর করে বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর প্রতিষ্ঠা করা হয়। অধিদপ্তরকে দিক নির্দেশনা প্রদানের লক্ষ্যে উপদেষ্টা পরিষদ গঠন করা হয়। তিনি প্রক্রিয়াটি আইনানুগভাবে যথাযথ হয়নি বলে জানান। জনবল কাঠামো প্রসঙ্গে মাননীয় প্রধানমন্ত্রী প্রস্তাবিত বৃহদাকার জনবল কাঠামো সংকোচনপূর্বক ছোট কাঠামো তৈরির দিক নির্দেশনা দেন।

৭.২ সিদ্ধান্ত ঃ বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর সৃষ্টির প্রক্রিয়ায় পদ্ধতিগত দুর্বলতাসমূহ/ত্রুটি চিহ্নিত ও অধিদপ্তরের জন্য একটি জনবল কাঠামো প্রস্তাব করার জন্য নিম্নোক্তভাবে একটি কমিটি গঠন করা হয়।

| | |
|---|---|
| ১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা । | - সভাপতি |
| ২। সিনিয়র সচিব, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা । | - সদস্য |
| ৩। সিনিয়র সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা । | - সদস্য-সচিব |
| ৪। সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা । | - সদস্য |

১০.আলোচ্যসূচী ঃ ৭ বিবিধঃ

১০.১ সভায় উপস্থিত নেত্রকোনা ৪ আসনের মাননীয় সংসদ সদস্য বেগম রেবেকা মোমিন জানান যে, হাওর এলাকার নদী ও খালসমূহ নিয়মিত ড্রেজিং করা হয় না। তিনি নদীর পাড়ে হিজল, করচ গাছ লাগানোর প্রস্তাব করেন। তিনি হাওর ও বিলের মৎস্য সম্পদ ইজারার ক্ষেত্রে স্থানীয় জেলেদের অগ্রাধিকার প্রদানের প্রস্তাব করেন। পরিবেশ বিশেষজ্ঞ ড. কাজী খলীকুজ্জামান হাওর ও জলাভূমি এলাকার শিক্ষা, স্বাস্থ্য ও অন্যান্য মৌলিক চাহিদার ক্ষেত্রে নজর দিয়ে সক্ষমতা বৃদ্ধির মাধ্যমে মানুষের ভাগ্য উন্নয়নে প্রচেষ্টা গ্রহণের আহবান জানান। মৎস্য বিশেষজ্ঞ ড. শাইফুদ্দিন শাহ বন্যার পানির সাথে মৎস্য সম্পদের সর্ম্পকের কথা উল্লেখ করে ইকোসিস্টেম সুরক্ষার আহবান জানান। পানি বিশেষজ্ঞ ড. আইনুন নিশাত উন্নয়ন প্রকল্পের নামে জীব বৈচিত্র্য, পরিবেশ ও মৎস্য প্রজনন ক্ষেত্র যাতে ক্ষতিগ্রস্থ না হয় সে বিষয়ে লক্ষ্য রাখার আহবান জানান। মৎস্য বিশেষজ্ঞ ড. আব্দুল ওয়াহাব বিল, ঝিল, হাওর, বাওর ব্যবস্থাপনায় ব্যবহারকারীদের সংযুক্ত রাখার পক্ষে মত দেন। পানি বিশেষজ্ঞ ড. নভেরা আহমেদ জলাভূমির মত স্পর্শকাতর এলাকায় উন্নয়ন প্রকল্প গ্রহণে জীব বৈচিত্র ও পরিবেশের ক্ষতির বিষয়টি বিবেচনার অনুরোধ করেন। উপস্থিত পরিবেশ বিশেষজ্ঞ ড. এ আতিক রহমান SDG অর্জনে পানি সম্পদকে নতুন অর্থনৈতিক সম্ভাবনা হিসেবে কাজে লাগানোর পরামর্শ দেন। মাননীয় প্রধানমন্ত্রী সারাদেশের হাওর বাওর, বিল, নদ-নদী, খাল সমূহ নিয়মিত খননের মাধ্যমে জলাধার সৃষ্টি, নাব্যতা বৃদ্ধি, মৎস্য ও জলজ প্রাণীর আবাসস্থল সুরক্ষা এবং নদীর গতিপথ ঠিক রাখার জন্য নির্দেশনা দেন। তিনি নদীর পাড় না বেধে নদীর গতি প্রকৃতি দেখে নদী শাসনের অনুরোধ জনান। জলাবদ্ধ এলাকায় বেঁচে থাকে এমন উদ্ভিদের তালিকা তৈরীর কথা বলেন। এছাড়াও দেশের পূর্বাঞ্চলের পাহাড়ী এলাকার জলাধার সমূহ সংরক্ষন ও সুষম উন্নয়নের প্রতি আলোকপাত করেন। তিনি হাওর এলাকায় সোলার সিষ্টেমে বিদ্যুৎ উৎপাদন ও সরবরাহের নির্দেশনা দিয়ে সোলার প্যানেল নির্দিষ্ট উচ্চতায় স্থাপনের পরামর্শ দেন।

১০.২ সিদ্ধান্ত ঃ

(ক) দেশের নদ-নদী খাল বিল, হাওর বাওর নিয়মিত খনন করতে হবে। নদীর গতি প্রকৃতি অনুধাবন করে নদী শাসন এর পরিবর্তে নদী ড্রেজিং-এ সর্বোচ্চ গুরুত্ব প্রদান করতে হবে।

(খ) জলাবদ্ধ এলাকায় বেঁচে থাকে এমন উদ্ভিদের তালিকা তৈরী করে জলাভূমিতে রোপনের প্রচেষ্টা গ্রহণ করতে হবে।

(গ) পূর্বাঞ্চলের পাহাড়ী এলাকার জলাধার সমূহ সংরক্ষন ও উন্নয়নের প্রচেষ্টা গ্রহন করতে হবে

(ঘ) হাওর এলাকায় সোলার প্যানেল নির্দিষ্ট উচ্চতায় স্থাপন করে সোলার সিষ্টেমে বিদ্যুৎ উৎপাদন ও সরবরাহের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

১১. পরিশেষে সভার চেয়ারপারসন মাননীয় প্রধানমন্ত্রী উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(ড. জাফর আহমেদ খান)
সদস্য-সচিব
বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তরের
উপদেষ্টা পরিষদ
ও
সিনিয়র সচিব
পানি সম্পদ মন্ত্রণালয়

(শেখ হাসিনা)
চেয়ারপারসন
বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তরের উপদেষ্টা
পরিষদ
ও
মাননীয় প্রধানমন্ত্রী